যায়যায়দিন

তারিখ 11 JUN 2012
পৃষ্ঠা ৪ কলাম ৫

# শিক্ষক-কর্মচারী সংগঠনের নেতাদের সঙ্গে শিক্ষামন্ত্রীর বৈঠক

যাযাদি রিপোর্ট

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা বাড়িভাড়া, চিকিৎসাভাতা, উৎসবভাতা ও মাতৃকালীন ছুটি ছয় মাস করার দাবি জানিয়েছেন। ১২টি শিক্ষক-কর্মচারী সংগঠনের ৪০ জন প্রতিনিধি রোববার সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে এক বৈঠকে এ দাবি জানিয়েছেন। শিক্ষক নেতারা তাদের পেশাগত বিভিন্ন দাবি তুলে ধরেন এবং যথা শিগগির এর সমাধান চান।

সরকার আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও কীভাবে শিক্ষক-কর্মচারীদের যৌক্তিক দাবিগুলো সমাধান করা যায় তা নিয়ে কাজ করছে বলে শিক্ষামন্ত্রী জানান। তিনি বলেন, শিক্ষকদের আলাদা বেতন কাঠামো করার বিষয়ে সরকার আন্তরিক।

এ সময় শিক্ষাসচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নোমান উর রশীদ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ফ্রন্টের প্রধান সমন্বয়কারী ও আহ্বায়ক অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, মহাসচিব এস এম এ জলিল, বাংলাদেশ কারিগরি কলেজ সমিতির সভাপতি অধ্যক্ষ এম সাত্তার, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী চৌধুরী, বাংলাদেশ বেসরকারি কলেজ শিক্ষক সমিতির আহ্বায়ক অধ্যক্ষ মিজানুর রহমান চৌধুরী, বাংলাদেশ সংযুক্ত শিক্ষক পরিষদের সভাপতি মাহবুব উল আলম তালুকদার, বাংলাদেশ সহকারী শিক্ষক পরিষদের আহ্বায়ক মো. আবদুল মান্নান, বাংলাদেশ শিক্ষাপ্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের সভাপতি হাবিবুর রহমান হাবিব, মহাসচিব এম আরজু, এম ফিল পিএইচডি বাংলাদেশ বেসরকারি শিক্ষক কলেজ শিক্ষক সমিতির সভাপতি মো. এমদাদ ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি আতিয়ার রহমান, সাধারণ সম্পাদক রঞ্জিত কুমার সাহা, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. নূর মোহাম্মদ তালুকদার, সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোহাম্মদ জাহাঙ্গীর, বেসরকারি কারিগরি শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু, কর্মচারী ফেডারেশনের সভাপতি মো. শাহজাহান খান, কর্মচারী ইউনিয়নের সভাপতি ফখরুদ্দিন জিলার, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী, সাধারণ সম্পাদক হিলকিস জামান প্রমুখ উপস্থিত ছিলেন।